গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
আইন অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.motj.gov.bd

বিষয়: বস্ত্র ও পাট মন্ত্রণালয় কর্তৃক মামলা মনিটরিং সংক্রান্ত ২৯.১১.২০১৬ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি :এম এ কাদের সরকার, সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়।
তারিখ : ২৯.১১.২০১৬ খ্রিস্টাব্দ।
স্থান : বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সভা কক্ষ (কক্ষ নং- ৭০৯-৭১০) ভবন নং-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট-ক তে রক্ষিত আছে)

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে উপসচিব (আইন) জনাব এ, এম সাইফুল হাসান সভার আলোচ্যসূচি অনুযায়ী পর্যায়ক্রমে উপস্থাপন করেন।

০২. বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয় এবং তা কোন প্রকার সংশোধনী ব্যতীরেকে সভায় দৃঢ়করণ করা হয়।

০৩. **বস্ত্র ও পাট মন্ত্রণালয় ও অধীস্থ দপ্তর/সংস্থার মোট মামলার তথ্য:**

সভায় বস্ত্র ও পাট মন্ত্রণালয় ও অধীস্থ দপ্তর/সংস্থার সর্বশেষ মামলার অগ্রগতি সভায় উপস্থাপন করা হয় যা নিম্নরূপ:

| দপ্তর/সংস্থা/পরিদপ্তর/ অধিদপ্তর/ বোর্ড এর নাম | মামলার সংখ্যা | | বর্তমান মাসে আগত | | মোট | মামলা নিষ্পত্তি | | | | মাস শেষে পেন্ডিং মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | উচ্চ আদালত | নিম্ন আদালত | উচ্চ আদালত | নিম্ন আদালত | | উচ্চ আদালত (পক্ষে) | নিম্ন আদালত (পক্ষে) | উচ্চ আদালত (বিপক্ষে) | নিম্ন আদালত (বিপক্ষে) | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| বিজেএমসি | ৩৮৩ | ৭৫৩ | ০৫ | ১৮ | ১১৫৯ | ০২ | ০৬ | ০৩ | ০৬ | ১১৪২ |
| বিজেসি (বিলুপ্ত) | ৮০ | ১৮৬ | ০২ | ০০ | ২৬৮ | ০০ | ০০ | ০০ | ০১ | ২৬৭ |
| বিটিএমসি | ১০২ | ২১০ | ০০ | ০০ | ৩১২ | ০১ | ০৪ | ০০ | ০০ | ৩০৭ |
| বাংলাদেশ তাঁত বোর্ড | ০৮ | ০৫ | ০০ | ০০ | ১৩ | ০০ | ০০ | ০০ | ০০ | ১৩ |
| পাট অধিদপ্তর | ০৯ | ২১ | ০০ | ০০ | ৩০ | ০০ | ০০ | ০০ | ০০ | ৩০ |
| বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | ১১ | ১৯ | ০০ | ০০ | ৩০ | ০০ | ০০ | ০০ | ০০ | ৩০ |
| বস্ত্র পরিদপ্তর | ০৮ | ০০ | ০০ | ০০ | ০৮ | ০০ | ০০ | ০০ | ০০ | ০৮ |
| বিএসআরটিআই | ০২ | ০১ | ০০ | ০০ | ০৩ | ০০ | ০০ | ০০ | ০০ | ০৩ |
| আদমজী সন্স লি: | ০৬ | ০৭ | ০১ | ০১ | ১৫ | ০০ | ০০ | ০০ | ০০ | ১৫ |
| লিকুইডেশন সেল | ০৯ | ১৮ | ০০ | ০০ | ২৭ | ০০ | ০০ | ০০ | ০০ | ২৭ |
| মোট= | ৬১৮ | ১২২০ | ৮ | ১৯ | ১৮৬৫ | ৩ | ১০ | ৩ | ৭ | ১৮৪২ |

০৪. সভাপতি সংস্থার অনিষ্পন্ন মামলাগুলোর বিষয়ে বলেন যে, বিজেএমসির মোট মামলার ১১৫৯টি, নিষ্পত্তকৃত মামলার সংখ্যা ১৭টি, সংস্থার পক্ষে ০৮টি, বিপক্ষে ০৯টি মামলার রায় হয়। সভাপতি সরকারের বিপক্ষে রায় হওয়া মামলা গুলোর গুরুত্ব অনুযায়ী আপীল দায়ের করা এবং রায় সরকারের পক্ষে আনায়ণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। বিজে সির মোট মামলা ২৬৮টি, নিষ্পত্তকৃত মামলার সংখ্যা সংস্থার পক্ষে ০২টি। সভাপতি বিজেসির চেয়ারম্যানকে মামলার সংখ্যার অনুপাতে নিষ্পত্তির পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করেন। কারণ মামলার সংখ্যার অনুপাতে মামলা নিষ্পত্তির হার খুবই নগণ্য। সভাপতির বক্তব্যের প্রেক্ষিতে বিজেসির চেয়ারম্যান বলেন যে, দুটি মামলা নিষ্পত্তি হয়েছে (মামলা নং-২২০৮/১৩ এবং এফ,এ, নং-১০৫/২০০৫ ও এফ,এ, নং-৪৯/২০০৫)। যার মধ্যে নং-১০৫/২০০৫ ও এফ,এ, নং-৪৯/২০০৫নং মামলার সাথে সম্পৃক্ত সম্পত্তিটির মূল্য প্রায় ১৬০ কোটি টাকা। বর্তমানে জমিটির উপর অবৈধ দখলদার রয়েছে যা উচ্ছেদ নোটিশ প্রদান করা হয়েছে। সভাপতির বক্তব্যের এক পর্যায়ে বিজেএমসির চেয়ারম্যান বলেন যে, আগামী মাসে ৩৭টি মামলা চূড়ান্তভাবে নিষ্পত্তি হবে বলে আশা প্রকাশ করেন। সভাপতি এ বিষয়ে সংস্থা প্রধানকে কঠোর নজর দিতে নির্দেশ প্রদান করেন। বিটিএমসির মোট মামলা ৩১ ২টি, নিষ্পত্তিকৃত মামলা ০৫টিই সরকারের পক্ষে রায় হয়েছে। সভাপতি সরকারের পক্ষে রায় হওয়ায় চেয়ারম্যান, বিটিএমসিকে ধন্যবাদ জানান। বাংলাদেশ তাঁত বোর্ডের মোট মামলা ১৩টি, বর্তমান মাসে কোন মামলা নিষ্পত্তি হয়নি। পাট অধিদপ্তর এবং রেশম উন্নয়ন বোর্ডের মোট মামলা ৩০টি করে মামলা রয়েছে। বর্তমান মাসে কোন মামলা আগত বা নিষ্পত্তি হয়নি। সভাপতি গুরুত্ব দিয়ে মামলা নিষ্পত্তির পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশ প্রদান করেন। সংস্থাগুলোর সাথে জড়িত আইনজীবি, কর্মকর্তা-কর্মচারী এবং মনিটরিং কর্মকর্তাদের প্রয়োজনীয় উদ্যোগ নেয়ার জন্য নির্দেশনা প্রদান করেন। অন্যদিকে সভাপতি লিকুইডেশন সেলের মামলার রায় সরকারের বিপক্ষে যাওয়ায় অসন্তোষ প্রকাশ করেন এবং আপীল দায়ের করার জন্য নির্দেশনা প্রদান করেন। সভাপতি বলেন যে, মোট ১৮৬৫টি মামলার মধ্যে নিষ্পত্তিকৃত ২৩টি মামলায় সংস্থার পক্ষে ১৩টি এবং বিপক্ষে ১০টি মামলার রায় হয়েছে। যে সমস্ত মামলার রায় সংস্থার বিপক্ষে গিয়েছে সেগুলোর গুরুত্ব অনুযায়ী দ্রুত আপীল দায়ের করার জন্য নির্দেশনা প্রদান করেন। অন্যদিকে বর্তমান মাসে ২৭টি মামলা নতুন উত্থাপিত হয়েছে। এ মামলাগুলোর বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্য সংস্থাগুলো পরামর্শ প্রদান করেন। সভাপতি অনিষ্পন্ন ১ ৮৪২টি মামলা নিষ্পত্তির বিষয়ে স্ব স্ব সংস্থাকে বাজেট বরাদ্দ রাখার এবং চুক্তিভিত্তিক 'ফি' নির্ধারণপূর্বক আইনজীবি নিয়োগ প্রদান করার জন্য পরামর্শ প্রদান করেন।

## ০৫. <u>গুরুত্বপূর্ণ ৩১টি মামলা মনিটরিং সংক্রান্ত কার্যক্রম পর্যালোচনা:</u>

৩১টি মামলার কার্যক্রম সভায় উপস্থাপন করা হরে এ ব্যাপারে সংশ্লিষ্ট অতিরিক্ত সচিব, যুগ্মসচিব ও উপসচিবগণ এবং ট্যাগ কর্মকর্তাগণ এর অগ্রগতি সভাকে অবহিত করেন যা নিম্নরূপ:

<u>প্রতিষ্ঠানের নাম: বিজেএমসি</u>

| মামলা নম্বর | মন্ত্রণালয়ের কর্মকর্তার নাম ও পদবী | দপ্তর/সংস্থার ট্যাগ অফিসারের নাম ও পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১. সিভিল আপীল নং-৩১৭/১৫<br>০২. সিভিল আপীল নং-৩১৫/১৫<br>০৩. সিভিল আপীল নং-৩১৬/১৫ | জনাব মতিউর রহমান<br>যুগ্মসচিব (প্রশাসন-২) | ০১. জনাব মুহাম্মদ সালেহ উদ্দিন সচিব<br>০২. জনাব মো: নাছিমুল ইসলাম জিএম (আইন) | |

<u>প্রতিষ্ঠানের নাম: বিজেএমসি</u>

| মামলা নম্বর | মন্ত্রণালয়ের কর্মকর্তার নাম ও পদবী | দপ্তর/সংস্থার ট্যাগ অফিসারের নাম ও পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১. সিভিল পিটিশন ফর-লীভ-টু আপীল নং-৭৪৭/১৩ | নাসিমা বেগম<br>যুগ্মসচিব (পাট-২) | ০১. জনাব মুহাম্মদ সালেহ উদ্দিন সচিব<br>০২. জনাব মো: নাছিমুল ইসলাম জিএম (আইন) | সরকারের পক্ষে রায় হয়েছে। |
| ০২. দেওয়ানী মোকদ্দমা নং-৪৮৯০/০৮ | | | |
| ০৩. দেওয়ানী মোকদ্দমা নং-৭০৪/১৪ | | | |

## প্রতিষ্ঠানের নাম: বিজেএমসি

| মামলা নম্বর | মন্ত্রণালয়ের কর্মকর্তার নাম ও পদবী | দপ্তর/সংস্থার ট্যাগ অফিসারের নাম ও পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১. সিভিল রিভিউ পিটিশন নং-৩০৩/১৫<br>০২. অপর মোকদ্দমা নং-৮০৩/১০<br>০৩. সিপিএলএ নং-৩৪৪৩/১৫ | জনাব দিলীপ কুমার সাহা<br>অতিরিক্ত সচিব (প্রশাসন) | ০১. জনাব মুহাম্মদ সালেহ উদ্দিন<br>সচিব<br>০২. জনাব মো: নাছিমুল ইসলাম<br>জিএম (আইন) | - |

## প্রতিষ্ঠানের নাম: বিটিএমসি

| মামলা নম্বর | মন্ত্রণালয়ের কর্মকর্তার নাম ও পদবী | দপ্তর/সংস্থার ট্যাগ অফিসারের নাম ও পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১. সিভিল মামলা নং-২৩৪/১৫-২৩৯/১৫ (১টি)<br>০২. সিভিল পিটিশন ফর-লীভ-টু আপীল নং-২৮২৩/১৪<br>০৩. রীট পিটিশন নং-৯৮৮০/১০ | জনাব মো: রমজান আলী<br>যুগ্মসচিব (অডিট) | ০১. জনাব পীরজাদা শহীদুল হারুন, পরিচালক (পরিচালন)<br>০২. কাজী ফিরোজ হোসেন<br>উপ-মহাব্যবস্থাপক (আইন) | |

## প্রতিষ্ঠানের নাম: বিটিএমসি

| মামলা নম্বর | মন্ত্রণালয়ের কর্মকর্তার নাম ও পদবী | দপ্তর/সংস্থার ট্যাগ অফিসারের নাম ও পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১. রীট পিটিশন নং-৩৮৬৬/০৮<br>০২. রীট পিটিশন নং-৫৭৩৯/১৩ | জনাব মো: মনিরুজ্জামান<br>যুগ্মসচিব (বস্ত্র) | ০১. জনাব পীরজাদা শহীদুল হারুন পরিচালক (পরিচালন)<br>০২. কাজী ফিরোজ হোসেন<br>উপ-মহাব্যবস্থাপক (আইন) | - |

## প্রতিষ্ঠানের নাম: বিটিএমসি

| মামলা নম্বর | মন্ত্রণালয়ের কর্মকর্তার নাম ও পদবী | দপ্তর/সংস্থার ট্যাগ অফিসারের নাম ও পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১. রীট পিটিশন নং-৭৫২৪/১৪<br>০২. দেওয়ানী মোকদ্দমা নং-১০/৯৮ (নতুন নং-২০৩/১৬) | বেগম সোহেলী শিরীন আহমেদ<br>যুগ্মসচিব (বাজেট) | ০১. জনাব পীরজাদা শহীদুল হারুন পরিচালক (পরিচালন)<br>০২. কাজী ফিরোজ হোসেন<br>উপ-মহাব্যবস্থাপক (আইন) | - |

## প্রতিষ্ঠানের নাম: বিজেসি

| মামলা নম্বর | মন্ত্রণালয়ের কর্মকর্তার নাম ও পদবী | দপ্তর/সংস্থার ট্যাগ অফিসারের নাম ও পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১. এফএ নং-৩০৫/০৪ | জনাব নিলুফার নাজনীন<br>উপসচিব (পাট-৩) | ০১. সচিব, বিজেসি (বিলুপ্ত)<br>০২. জনাব মো: লুৎফর রহমান, পিও | |
| ০২. সিপি নং-৫২০৩/০৭ | | | |
| ০৩. রীট পিটিশন নং-৬৯১১/১৩ | | | |
| ০৪. লীভ টু আপীল নং-২২০৮/১৩ | | | সরকারের পক্ষে রায় হয়েছে। |
| ০৫. এফ,এ,টি নং-১০৫/০৫ | | | সরকারের পক্ষে রায় হয়েছে। |

প্রতিষ্ঠানের নাম: বাংলাদেশ তাঁত বোর্ড

| মামলা নম্বর | মন্ত্রণালয়ের কর্মকর্তার নাম ও পদবী | দপ্তর/সংস্থার ট্যাগ অফিসারের নাম ও পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১. রীট পিটিশন নং-৫৬৭/০৩<br>০২. রীট পিটিশন নং-১০০৭৭/১৫ | জনাব মো: রেজাউল কাদের যুগ্মসচিব (বস্ত্র-২) | ০১. জনাব আবুল কাসেম মো: বোরহান উদ্দীন, সদস্য<br>০২. জনাব মো: মনজুর কাদির, সচিব<br>০৩. জনাব মো: লুৎফর রহমান, (আইন) | - |

প্রতিষ্ঠানের নাম: রেশম উন্নয়ন বোর্ড

| মামলা নম্বর | মন্ত্রণালয়ের কর্মকর্তার নাম ও পদবী | দপ্তর/সংস্থার ট্যাগ অফিসারের নাম ও পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১. আপীল নং-৩৫৩/১২<br>০২. কনটেম্পট পিটিশন নং-৩৬৪/১৫ | জনাব মো: রেজাউল কাদের যুগ্মসচিব (বস্ত্র-২) | ০১. জনাব মো: জায়েদুল হাসান, সচিব<br>০২. জনাব মো: আব্দুল মতিন, প্রধান সহকারী | - |

প্রতিষ্ঠানের নাম: আদমজী সন্স লি:

| মামলা নম্বর | মন্ত্রণালয়ের কর্মকর্তার নাম ও পদবী | দপ্তর/সংস্থার ট্যাগ অফিসারের নাম ও পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১. বিভাগীয় স্পেশাল মামলা নং-২৪/১৩<br>০২. রিভিউ মোকদ্দমা নং-২৭৭৫/১৪ | জনাব তাহমিনা আখতার অতিরিক্ত সচিব (পাট) | ০১. জনাব মো: মেসবাহ উদ্দিন, ডিজিএম<br>০২. জনাব মো: ইমতিয়াজ আহমেদ, ম্যানেজার | |

প্রতিষ্ঠানের নাম: লিকুইডেশন সেল

| মামলা নম্বর | মন্ত্রণালয়ের কর্মকর্তার নাম ও পদবী | দপ্তর/সংস্থার ট্যাগ অফিসারের নাম ও পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১. রীট পিটিশন নং-৯৭১৮/১৪<br>০২. সিপিএলএ নং-১১৭/১৫<br>০৩. আপীল মোকদ্দমা নং-৭০১/১৫<br>০৪. সিপিএলএ নং-১০১৪/১৫ | জনাব রীনা পারভীন অতিরিক্ত সচিব (বেওবি) | জনাব মো: আবুল কালাম জিএম (চলতি দায়িত্ব) | - |

সভাপতি বলেন যে, ৩১টি মনিটরিং মামলার মধ্যে এ মাসে বিজেএমসি -০১টি ও বিজেসির-০২টি মামলাটি নিষ্পত্তি হয়েছে। মামলাগুলোতে সরকারের পক্ষে রায় হওয়ায় সভাপতি সংস্থা প্রধানদের ধন্যবাদ জানান এবং পরবর্তীতে মামলা দুটির বিষয়ে আপীল/রিভিউ করা হচ্ছে কিনা সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখার জন্য নির্দেশনা প্রদান করেন।

০৬. দপ্তর/সংস্থার প্রধানগণের ৫০টি মামলা মনিটরিং কার্যক্রম পর্যালোচনা:

সভায় মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনামতে দপ্তর/সংস্থার প্রধানগণের ৫০টি মামলা মনিটরিং এর বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এ ব্যাপারে দপ্তর/সংস্থার প্রধানগণ জানান যে, তাদের অনেকেরই ৫০টি মামলা নেই। তবে যে মামলাগুলো আছে সেগুলোর ব্যাপারে তাঁরা প্রতি মাসেই সংস্থার আইন কর্মকর্তাসহ সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে সভায় মিলিত হয়ে অগ্রগতি পর্যলোচনা এবং প্রয়োজনীয় দিক-নির্দেশনা দিয়ে থাকেন। সভাপতি এ ব্যাপারে সংস্থার প্রধানগণকে মামলা নিয়মিত মনিটরিং করতে বলেন এবং মামলা নিষ্পত্তির তথ্যাদি মন্ত্রণালয়ে প্রেরণের জন্যও নির্দেশনা প্রদান করেন।

০৭. বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক. বিজেসিসহ সকল দপ্তর/সংস্থাকে মামলা নিষ্পত্তির হার বৃদ্ধির জন্য প্রয়োজনীয় উদ্যোগ নিতে হবে;

খ. যে সকল মামলা র রায় সরকারের বিপক্ষে ঘোষিত হয়েছে সেগুলোর গুরুত্ব বিবেচনা করে স্ব-স্ব দপ্তর/সংস্থা দ্রুত আপীলদায়েরপূর্বক মামলা নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করবে;

গ. সংস্থার আইনকর্মকর্তাগণ আদালতে নিয়মিত উপস্থিত থেকে মামলা নিষ্পত্তির কার্যক্রমে বিজ্ঞ আইনজীবিদের সাহায্য-সহযোগিতা প্রদান করবে;

ঘ. মনিটরিং সংক্রান্ত নির্ধারিত ৩১টি মামলার মধ্যে যে যে সংস্থার যে মামলাগুলো নিষ্পত্তি হয়েছে তার নম্বরসহ তথ্য প্রেরণ এবং নিষ্পত্তির কার্যক্রম আরো বেগবানের উদ্দেশ্যে সংস্থা প্রধানগণ উদ্যোগ গ্রহণ করবে;

ঙ. যে সকল মামলায় স্থিতাবস্থা জারি আছে সেগুলো দ্রুত ভ্যাকেট করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

চ. ৪০.০০ একর জমির মধ্য হতে অবশিষ্ট ৩৭.০০ একর জমি জরুরি ভিত্তিতে তাঁত বোর্ডের অনুকূলে রেজিস্ট্রি করে দেয়ার জন্য জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষকে অনুরোধ করতে হবে। এতে আইনি কোন সমস্যা থাকলে আইন মন্ত্রণালয়ের মতামত গ্রহণপূর্বক বিষয়টি নিষ্পত্তি করতে হবে;

০৮. সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ দিয়ে সভার কাজ শেষ করেন।

স্বাক্ষরিত/-
০৫.১২.১৬
(এম এ কাদের সরকার)
সচিব
বস্ত্র ও পাট মন্ত্রণালয়, ঢাকা।